

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১১৬৫

পর্ব - ৯ ঃ অপরাধ প্রসঙ্গ (كتاب الجنايات)

পরিচ্ছেদঃ ভারী জিনিস দ্বারা হত্যার প্রতিশোধ নেওয়া এবং মহিলার খুনের দায়ে পুরুষকে হত্যা করা

আরবী

وَعَنْ أَنَسِ بْنِ مَالِكٍ _ رضي الله عنه: أَنَّ جَارِيَةً وُجِدَ رَأْسُهَا قَدْ رُضَّ بَيْنَ حَجَرَيْنِ, فَسَأَلُوهَا: مَنْ صَنَعَ بِكِ هَذَا? فُلَانٌ. فُلَانٌ. حَتَّى ذَكَرُوا يَهُوديَّا. فَأَوْمَأَتْ بِرَأْسِهَا, فَأُخِذَ الْيَهُودِيُّا. فَأَقَرَّ, فَأَمَرَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ أَنْ يُرَضَّ رَأْسُهُ بَيْنَ حَجَرَيْنِ. مُتَّفَقٌ عَلَيْهِ, وَاللَّفْظُ لِمُسْلِمٍ

صحيح. رواه البخاري (2413)، ومسلم (1672) (17)

বাংলা

১১৬৫। আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত; কোন এক দাসীর মস্তক দু'টি পাথরের মধ্যে থেতলানো পাওয়া যায়, তাকে জিজ্ঞেস করা হল, কে তোমাকে এরূপ করেছে? অমুক ব্যক্তি, অমুক ব্যক্তি? যখন জনৈক ইয়াহুদীর নাম বলা হল- তখন সে দাসী মাথার দ্বারা হ্যাঁ সূচক ইশারা করল। ইয়াহুদীকে ধরে আনা হল। সে অপরাধ স্বীকার করলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সম্পর্কে নির্দেশ দিলেন। তখন তার মাথা দু'টি পাথরের মাঝখানে রেখে পিষে দেয়া হল।[1]

English

Anas bin Malik (RAA) narrated that A girl was found with her head crushed between two stones. They asked her, 'Who did that to you? Is it so and so, or so and so? They mentioned some names to her until they mentioned the name of a Jew, whereupon she nodded her head. The Jew was captured and he confessed. The Messenger of Allah () ordered that his head be crushed



between two stones.' Agreed upon and the wording is from Muslim.

ফুটনোট

[1] বুখারী ২৪১৩, ২৭৪৬, ৬৮৭৬, ৬৮৭৭, মুসলিম ১৬৭২, তিরমিয়ী ১৩৯৪, নাসায়ী ৪৭৪০, ৪৭৪১, আর দাউদ ৪৫২৭, ৪৫২৮, ৪৫২৯, ইবনু মাজাহ ২৬৬৫, ২৬৬৬, আহমাদ ১২২৫৬, ১২৩৩০, দারেমী ২৩৫৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন